

বুধবার

সুনাগরিক গড়তে বিশ্ববিদ্যালয়গুলোকে
অগ্রণী ভূমিকা পালন করতে হবে

শিক্ষামন্ত্রী

বাকুবির প্রতিনিধি

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, একবিংশ শতাব্দী একান্তভাবেই বিশ্বায়নের যুগ। ফলে আজ আমরা চরম প্রতিযোগিতামূলক পরিস্থিতির মুখোমুখি। এই প্রতিযোগিতায় জাতি হিসাবে আমাদের আপন অস্তিত্বকে টিকিয়ে রাখার স্বার্থে জ্ঞান, দক্ষতা ও চরিত্রের সম্মিলন ঘটিয়ে সুনাগরিক হিসাবে গড়ে তুলতে বিশ্ববিদ্যালয়গুলোকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। মন্ত্রী বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে বাকুবির প্রতিষ্ঠিত ট্রাস্ট-এওয়ার্ড কর্তৃক প্রদত্ত ছয়টি অনুষ্ঠানের কৃতি ছাত্রছাত্রীদের মধ্যে স্বর্ণপদক, নগদ অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন। তিনি বলেন, এই দেশে কৃষি বিপ্লব হয়েছে, এটা এমনিতেই আসেনি, এর পুরো কৃতিত্ব বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের।